দৈনিক সংবাদ

43

তারিখ 02 JAN 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ৫ ...

৮৭

### নিয়মমাফিক বিল দেয়া হয়নি

# প্রাথমিক বিদ্যালয়ের কন্টিজেন্সীর টাকা ফেরত গেছে

ঝিনাইদহ, ৩০শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা) ।--৯২টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কন্টিজেন্সীর ১২ হাজার ৯শ' ৭০ টাকা ফেরত গেছে।

১৯৮৮-৮৯ অর্থ বছরে শৈলকুপা উপজেলার ৯২টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জন্যে কন্টিজেন্সী খাতে মোট ২২ হাজার টাকা বরাদ্দ পাওয়া যায়। এর মধ্যে ১ম কিস্তিতে ৯ হাজার ৩০/- টাকা ওঠানো হয় ; কিন্তু ২য় কিস্তির বিল দাখিল করা হলে, উপজেলা হিসাবরক্ষণ অফিস সংশোধন করে নিয়মমাফিক দাখিলের পরামর্শ দিয়ে বিলগুলো উপজেলা শিক্ষা অফিসে ফেরত পাঠায়। উপজেলা শিক্ষা অফিস বিলগুলো আর উপজেলা হিসাবরক্ষণ অফিসে দাখিল করেনি। ফলে কন্টিজেন্সীর ১২হাজার ৯৭০/-টাকা ফেরত গেছে।

চলতি ১৯৮৯-৯০ আর্থিক বছরে উপজেলার ৯২টি সরকারী প্রাথমিক বিদ্যালয় কন্টিজেন্সী খাতে ২২হাজার ৭৪০টাকা বরাদ্দ পেয়েছে। চলতি ডিসেম্বর মাসের মধ্যে ১ম কিস্তির টাকা ওঠানোর নিয়ম ; কিন্তু এখন পর্যন্ত সবগুলো বিদ্যালয়ের কন্টিজেন্সী বিল হিসাবরক্ষণ অফিসে দাখিল করা হয়নি। উপজেলা শিক্ষা অফিসের তালবাহানায় এ কিস্তির সিংহভাগ টাকাও ফেরত যাবে বলে আশংকা করা হচ্ছে।

যোগাযোগ করা হলে উপজেলা হিসাবরক্ষণ অফিস থেকে জানানো হয়, পরামর্শ দেয়া সত্ত্বেও বিলগুলি সংশোধন করে দাখিল করা হয়নি। ফলে টাকা ফেরত গেছে।

উপজেলা শিক্ষা অফিস জানিয়েছে এ ধরনের বিল আগেও পাস করা হয়েছে। এবারে আর্থিক সুবিধা না দেয়াতেই বিলগুলো পাস করা হয়নি।

অন্যদিকে শিক্ষকদের অভিযোগ, উপজেলা শিক্ষা অফিস বর্তমানে দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। আর্থিক সুবিধা না দিলে এখানে কোন কাজ হয় না, আজকাল করে শিক্ষকদের হয়রানি করা হয়। উপজেলা শিক্ষা অফিসার শিক্ষকদের সাথে সব সময় দুর্ব্যবহার করেন বলেও শিক্ষকরা অভিযোগ জানিয়েছেন।